প্রয়োজন ছিলই। আজ দেখতে পেয়েছি, হিন্দুদের মধ্যে যারা এই ব'লে অভিযোগ করে যে, দেশে বিদেশে তাদের মাথা আমরা যতখানি হেঁট ক'রে দিতে পেরেছি, ততখানি খৃষ্টান পাদ্রীরাও পেরে উঠে নি—নালিশটা ত আজ আর তাদের মিথ্যে ব'লে ওড়াতে পারি নে মা! বস্তুতঃ বিদেশী বিধর্ম্মীর হাতে আমাদের মত বিভীষণ আর ত কেউ নেই।

মৃণাল অত্যন্ত চঞ্চল হইয়া উঠিল, কিন্তু বৃদ্ধ তাহাতে দৃক্‌পাত করিলেন না। বলিতে লাগিলেন, মৃণাল রেষা-রিষি যদি নাই-ই থাক্‌বে, তা হ'লে আমাদের মধ্যে যাঁরা সকল বিষয়েই আদর্শ, এমন কি, সমস্ত মানুষের মধ্যেই যাঁরা আদর্শ-পদবাচ্য, তাঁদের মুখ দিয়ে ধর্ম্মের মন্দিরে, ধর্ম্মের বেদীতে দাঁড়িয়ে 'রাম'কে রেমো, 'হরি'কে হোরে, 'নারায়ণ'কে নারাণে বেরুবে কেন? সকলকে আহ্বান ক'রে উচ্চকণ্ঠে কিসের জন্যে এ কথা ঘোষণা কর্‌বেন যে, দুর্ভাগারা যদি আঘাটায় ডুবে মরতে না চায় ত আমাদের এই বাঁধা-ঘাটে আসুক। মা, ধর্ম্মোপদেশের এই প্রচণ্ড তাল-ঠোকায় আমাদের সমাজ-শুদ্ধ সকলের রক্তই তখন ভক্তিতে যেমন গরম, শ্রদ্ধায় তেম্‌নি রুক্ষ হয়ে উঠত—আলোচনায় পুলকের মাত্রাও কোথাও এক তিল কম পড়ত না, কিন্তু আজ জীবনের এই শেষ-প্রান্তে পৌঁছে যেন স্পষ্ট উপলব্ধি কর্‌চি, তার মধ্যে উপদেশ যদি বা কিছু থাকে, তা থাক্, কিন্তু ধর্ম্মের লেশমাত্রও কোন-খানে থাক্‌বার যো ছিল না।

মৃণাল ব্যথিত-কণ্ঠে কহিল, বাবা, এ সব কথা আমাকে তুমি কেন শোনাচ্ছ? তাঁরা সকলেই যে আমার পূজনীয়, আমার নমস্য! বলিয়া সে দুই হাত যোড় করিয়া তাহার ললাট স্পর্শ করিল। এই ভক্তিমতী তরুণীর নম্রনত মুখখানির পানে চাহিয়া বৃদ্ধ যেন বিভোর হইয়া রহিলেন এবং ক্ষণপরে বাহিরে দাসীর আহ্বানে মৃণাল

শুনেছি, তাই এক বাটি এনে দিই—আর যদু গিয়ে দোকান থেকে গিয়াছিল ; সন্দেশ কিনে আনুক। কি বল ? ...রুর মত চক্ষের

প্রথমটা মৃণাল হতবুদ্ধির মত স্তব্ধ হইয়া রহিল ; খানিক ...বং দরজার আড়ালে কাটিয়া গেলেও সে কথা কহিল না, অধোমুখে নির্ব্বাক্‌ ... পালা দর্শন করিয়া

অচলা পুনরায় খোঁচা দিয়া কহিল, কি বল ? ...াগিল।

মৃণাল আঁচলে চোখ মুছিয়া মৃদুকণ্ঠে শুধু ক... ঘরে প্রবেশ করিল, তখন

অচলা আরও কিছুক্ষণ চুপ করিয়া বিনষ্ট হইয়া গিয়াছিল। কিন্তু চলিয়া গেল। ...স্কার তাহাকে ইতরতার হাত হইতে

মৃণাল মুখও তুলিল না, কথা আত্মসংবরণ করিয়া, কঠোর হাসি হাসিয়া র্‌াঁধিয়া দিতে হয় ; তিনি অ... লোক পাড়াগায়ে এসে বাস করার মত শুনিলে কোনকালে যে তাঁদের অল্পই আছে, না ?

এ কথা সে আভাসেও ...র প্রতি চাহিয়া কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া বলিল,

অচলা রান্নাঘরে কথা বলছ ত ? বুঝতে পারি, প্রথমটা তোমার নানা- নিজের ঘরে গিয়া ... ; কিন্তু মৃণালের সঙ্গে যে তোমার বনিবনাও হবে না, এ কেবল ঘৃণায় ...তে ভাবি নি। কেন না, তার সঙ্গে কোন দিন কারও কথা মিথ্যা ব...।

আঘাত করি... কহিল, আমার সঙ্গেই যে পাড়াশুদ্ধ লোকের চিরকাল অচলা পা...হয়, এ খবরই বা তুমি কোথায় শুনলে ?

হইয়া... মহিম ধীরে ধীরে বলিল, তোমার সমস্ত দিন খাওয়া হয় নি—থাক্‌, এ সব কথায় এখন কাজ নেই।

অচলা অধিকতর জ্বলিয়া উঠিয়া বলিল, মৃণালদিদিও ত সমস্ত দিন না খেয়েই বাড়ি গেলেন ; কিন্তু তাঁর সঙ্গে হেসে কথা কইতে ত তোমার আপত্তি হয় নি !

মহিম আশ্চর্য্য হইয়া বলিল, এ সব তুমি কি বলচ অচলা ?

অচলা কহিল, আমি এই বলছি যে, কি এমন গুরুতর অপরাধ

দেখ মহিম, ঠাট্টা কর গে তোমাদের পাড়াগাঁয়ের লোককে, ব্রাহ্ম-মেয়ে কখনো চোখে দেখে নি; মেয়েমানুষ ইংরাজীতে ঠিক লিখতে পারে শুনলে যারা আশ্চর্য্য অবাক হয়ে যায়—তিনি চ' গেলে যারা সসম্ভ্রম দূরে সরে দাঁড়ায়। বিস্ময়ে অভিভূত ক'রে দ গে তোমার গ্রামের লোককে, যারা এঁকে দেব-দেবী মনে ক'রে মা লুটিয়ে দেবে। কিন্তু আমাদের বাড়ি ত পাড়াগাঁয়ে নয়—আমাদে ত অত সহজে ভুলানো যায় না।

আমি তোমাকে শপথ ক'রে বল্‌চি সুরেশ, তোমাদের সহরে লোককে ভুলোবার আমার কোন দুরভিসন্ধি নেই। আমি তাঁ আমাদের পাড়াগাঁয়ে নিয়েই রাখব। তাতে ত তোমার আপত্তি নাই

সুরেশ রাগিয়া উঠিয়া বলিতে লাগিল, আপত্তি নেই? শ সহস্র, লক্ষ, কোটি আপত্তি আছে। তুমি সমস্ত জগতের বরেণ্য পূজনীয় হিন্দুর সন্তান হয়ে কি না একটা রমণীর মোহে জাত দেবে মোহ! একবার তার জুতো মোজা, সৌখীন পোষাক ছাড়িয়ে নি আমাদের গৃহলক্ষ্মীদের রাঙা শাড়ীখানি পরিয়ে দেখ দেখি, মোহ কা কি না! তখন ঐ নির্জ্জীব কাঠের পুতুলটার রূপ দেখে তোমার ভাঙে কি না! কি আছে তার? কি পারে সে? বেশ ত, তোম যদি সেলাই আর পশমের কাজই এত দরকার, কলকাতা সহরে দর্জ্জি অভাব নেই। একখানা চিঠির ঠিকানা লেখবার জন্য ত তোমা ব্রাহ্ম-মেয়ের দ্বারস্থ হ'তে হবে না। তোমার অসময়ে সে কি বাট বেটে, কুটনো কুটে তোমাকে এক মুঠো ভাত রেঁধে দেবে? রো তোমার কি সেবা করবে? সে শিক্ষা কি তাদের আছে? ভগব না করুন, কিন্তু, সে দুঃসময়ে সে যদি না তোমাকে ছেড়ে চ' আসে ত আমার সুরেশ নামের বদলে যা ইচ্ছে ব'লে ডেক, আ দুঃখ করব না।

